

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, আগরতলা পুর নিগমের জল নিকাশি ব্যবস্থাপনা দেশের বহু রাজ্যের তুলনায় অনেক উন্নত ।
- (২) তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিঃ সিংহ রায় আজ রাজ্যের ১৯টি সরকারী কলেজে ওয়াইফাই সংযোগ চালু করেছেন ।
- (৩) রাষ্ট্রপতি দ্রোপদী মুর্ম আগামীকাল নতুনদিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার ২০২৩ প্রদান করবেন ।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় স্বাগতিক মেঘালয়ের বিরুদ্ধে ত্রিপুরা ইনিংস ও ১৭ রানে জয়লাভ করেছে ।
- (৫) আগামী ২৪-২৫ অক্টোবর ব্যাংককে অনুষ্ঠেয় এশিয়া ঘোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপে ভারতের প্রতিনিধিত্ব করছেন ত্রিপুরার পরিণীতা রায় ।

Governor Visit :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, আগরতলা পুর নিগমের জল নিকাশি ব্যবস্থাপনা দেশের বহু রাজ্যের তুলনায় অনেক উন্নত । তবে নর্দমা ব্যবস্থাপনা আরও আধুনিক করে গড়ে তোলার প্রয়োজন রয়েছে। আজ আগরতলা শহরের নিকাশি ব্যবস্থা খতিয়ে দেখতে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু ইন্দ্রনগরে আই টি ভবনে অবস্থিত ইন্টিগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টার পরিদর্শন

করেন। পরে, অতিবৃষ্টিতে শহরের সবচাইতে বেশি প্রভাবিত এলাকা আগরতলার বনমালীপুরে অবস্থিত পুর নিগমের পাস্প হাউস পরিদর্শন করেন। পরে রাজ্যপাল সংবাদ মাধ্যমকে বলেন,

#####Byte#####

ইন্টিগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারে রাজ্যপাল আগরতলা পুর এলাকার জল নিকাশি ব্যবস্থার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দেখেন ও পুলিশের কমান্ড কন্ট্রোল ব্যবস্থা খতিয়ে দেখেন। তাছাড়া শহরের বিভিন্ন এলাকা বসানো পুলিশের সিসি ক্যামেরার মাধ্যমে শহরের বিভিন্ন এলাকার ও সড়কের ছবি সরাসরি প্রত্যক্ষ করেন।

এর আগে আজ রাজ্যপাল দেবেন্দ্রনগরস্থিত পুর নিগমের বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র পরিদর্শন করেন। তিনি বলেন, স্বচ্ছ ভারত মিশনের অঙ্গ হিসাবে কেন্দ্রীয় সরকার বর্জ্য পদার্থ প্রক্রিয়াকরণের জন্য এই ধরনের পরিকাঠামো গড়ে তুলেছে। এই প্রক্রিয়াকরণ কেন্দ্রে বর্জ্য পদার্থ থেকে তৈরি জৈব সার চাষাবাদ এর জন্য কৃষকদের প্রয়োজন মেটাবে। বর্জ্য প্রক্রিয়াকরণের দায়িত্বে থাকা আধিকারিক নমন সিং জানান, প্রক্রিয়াকরণ কেন্দ্রটিতে প্রতিদিন ১৫০ মেট্রিকটন বর্জ্য পদার্থ আনা হচ্ছে। তা থেকে প্রতিদিন সাত থেকে আট মেট্রিকটন জৈব সার তৈরি হচ্ছে।

Wi-Fi Net Work-College :

তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিঃ সিংহ রায় আজ রাজ্যের ১৯টি সরকারী কলেজে ওয়াইফাই সংযোগ চালু করেছেন। আজ উদয়পুরের নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ে তথ্য ও প্রযুক্তি দপ্তর আয়োজিত অনুষ্ঠানে বোতাম টিপে ওয়াইফাই সংযোগের সূচনা করেন তিনি। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যের বাকি ১১টি সরকারী কলেজেও পরবর্তী সময়ে ওয়াইফাই সংযোগ দেওয়া হবে। উপস্থিত ছিলেন

বিধায়ক রামপদ জমাতিয়া, উদয়পুরের পুরপিতা শীতল চন্দ্ৰ
মজুমদার প্রমুখ।

Review Meeting-CM :

চুরাইবারি থেকে কুমারঘাট পর্যন্ত জাতীয় সড়ক দ্রুত সংস্কারের জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করির কাছে অনুরোধ জানিয়েছেন। আজ নতুন দিল্লির বাণিজ্য ভবনে জাতীয় মহাসড়ক প্রকল্পগুলির পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী এই অনুরোধ জানান।

Award-Tripura :

৭৯তম ন্যাশনাল কনফারেন্স অন tuberculosis এন্ড চেস্ট Disease-৪০ লক্ষের কম জনসংখ্যার রাজ্যগুলির মধ্যে ত্রিপুরাকে national tuberculosis elimination প্রোগ্রামের উপর সেরা রাজ্য হিসেবে পুরস্কৃত করেছে। রাজস্থানের জয়পুরে আয়োজিত সম্মেলনে ত্রিপুরার পক্ষে পুরস্কার গ্রহণ করেন ডাঃ নুপুর দেববর্মা। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই উল্লেখযোগ্য সাফল্যের জন্য যক্ষণা নির্মূলিকীরণে নিয়োজিত স্বাস্থ্য কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন।

Reang Refugee-Santirbazar :

শান্তিরবাজার মহকুমায় রিয়াং শরণার্থীদের পুনর্বাসনের কাজকর্ম খতিয়ে দেখতে আজ মহকুমা শাসকের অফিসে দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস-র পৌরাহিত্যে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। শরণার্থীদের জন্য দ্রুত ঘরবাড়ি তৈরির নির্দেশ দেন জেলা শাসক। বৈঠকে মহকুমা শাসক মনোজ কুমার সাহা জানান, এখন পর্যন্ত ৩২২টি পরিবারের জন্য জায়গা চিহ্নিত

করার কাজ শেষ করেছে প্রশাসন। আগামী ৭ নভেম্বরের মধ্যে সমস্ত পরিবারের জন্য জমি চিহ্নিত করার কাজ শেষ হবে। ইতিমধ্যেই ৪৭টি পরিবার ঘর তৈরির কাজ শুরু করেছে। এখন পর্যন্ত ৪০টি ঘর তৈরির কাজ শেষ হয়েছে।

Preparatory Meeting :

ভারত সরকারের "সমগ্র শিক্ষা" অভিযানের অন্তর্গত জেলাভিত্তিক কলা উৎসব আগামী পাঁচ ও ছয়ই নভেম্বর উনকোটি জেলার কুমারঘাটে অনুষ্ঠিত হবে। এই উপলক্ষ্যে আজ কৈলাশহর পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। বৈঠক থেকে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশকে চেয়ারম্যান করে প্রস্তুতি কর্মসূচি গঠন করা হয়। গঠিত হয় পাঁচটি উপ-কর্মসূচি। বৈঠক শেষে জানানো হয়, নবম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠ্যরত ছাত্র-ছাত্রীরা কলা উৎসবের বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে অংশ নেবে।

N F Railway :

উৎসব মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে উৎসব স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই উৎসব স্পেশাল ট্রেন ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস-আগরতলা-ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাসের মধ্যে দুটি ট্রিপের জন্য উভয় দিক থেকে চলাচল করবে।

এই স্পেশাল ট্রেন আগামী ৩১শে অক্টোবর থেকে ৭ই নভেম্বর পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার সকাল ১১টা ৫ মিনিটে মুম্বাইয়ের ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস থেকে রওনা দিয়ে রবিবার

রাত ১টা ১০ মিনিটে আগরতলা পৌঁছবে। আগামী তেসরা নভেম্বর থেকে ১০ই নভেম্বর পর্যন্ত প্রত্যেক রবিবার বেলা ৩টা ১০ মিনিটে আগরতলা থেকে রওনা দিয়ে বুধবার সকাল ৮টা ২৫ মিনিটে ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস পৌঁছবে।

যাত্রী ভিড় সামলাতে আগামী ২৩শে অক্টোবর আগরতলা-শিয়ালদহ-র মধ্যে একটি বিশেষ ট্রেন চলবে। ২১ বগির এই বিশেষ ট্রেন আগামী ২৩শে অক্টোবর বুধবার সন্ধ্যা ৭টায় আগরতলা থেকে ছাড়বে এবং শুক্রবার সকাল ৮ টা ৪০ মিনিটে শিয়ালদহ পৌঁছবে।

Police Comemoration Day :

সারা দেশে আজ পুলিশ স্মৃতি দিবস পালিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এ উপলক্ষ্যে দেশের পুলিশ কর্মীদের সাহসিকতা এবং আত্মত্যাগকে সম্মান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি জনগণের নিরাপত্তা নিশ্চিত করার জন্য তাদের অটল উৎসর্গের প্রশংসা করেছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, অমিত শাহ বলেছেন যে মাদক ব্যবসা, সাইবার অপরাধ, অনুপ্রবেশ, সন্ত্রাসবাদ এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে অশান্তি ছড়ানোর চেষ্টার মতো ঝুঁকি দেশের সৈন্যদের অটল সংকল্পের বিরুদ্ধে দাঁড়াতে পারে না। আজ নতুনদিল্লিতে জাতীয় পুলিশ স্মারকে পুলিশ স্মৃতি দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শ্রী শাহ উল্লেখ করেন যে গত এক দশকে, নিরাপত্তা বাহিনীর আত্মত্যাগ এবং দক্ষতার কারণে দেশ শান্তি প্রতিষ্ঠায় সফল হয়েছে।

মন্ত্রী উল্লেখ করেন যে সংসদে পাস করা তিনটি নতুন ফৌজদারি আইন সারা দেশে পুরোপুরি কার্যকর হলে দেশের ফৌজদারি বিচার ব্যবস্থা বিশ্বের সবচেয়ে আধুনিক বিচার ব্যবস্থায় পরিণত হবে।

পুলিশ কর্মীদের কল্যাণের জন্য সরকার কর্তৃক ঢালু করা
প্রকল্পগুলি বিষয়ে শ্রী শাহ উল্লেখ করেন যে আয়ুষ্মান CAPF
প্রকল্পের মাধ্যমে, ৪১ লক্ষেরও বেশি কার্ড বিতরণ করা হয়েছে
এবং প্রায় ১৪২২কোটি টাকার ১৩ লক্ষ দাবি নিষ্পত্তি করা হয়েছে।

Comemoration Day :

পুলিশ স্মৃতি দিবস উপলক্ষে আজ অরুণ্ধতীনগর পুলিশ মাঠে
এক স্মৃতি প্যারেড অনুষ্ঠিত হয়। পুলিশ মাঠে শহীদ বেদীতে
শহীদ পুলিশদের উদ্দেশ্যে শ্রদ্ধা জানিয়ে পূজ্পার্য্য প্রদান করেন
মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ
রঞ্জন সহ পুলিশের অন্যান্য পদস্থ আধিকারিকগণ। অনুষ্ঠানের
পর রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন সাংবাদিকদের
বলেন,

#####Byte#####

এদিকে, উনকোটি জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগেও আজ
কেলাশহরের কামরাঙ্গাবাড়ি পুলিশ লাইনে পুলিশ স্মৃতিরক্ষা দিবস
পালন করা হয়। শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে দু'মিনিট
নীরবতা পালন করা হয়। উপস্থিত ছিলেন, উনকোটি জেলার
পুলিশ সুপার কান্তা জানগির সহ বিভিন্ন স্তরের পুলিশ আধিকারিক
ও কর্মীরা।

MAAN KI BAAT :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে সেপ্টেম্বর রবিবার সকাল
১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের
জনগনের ও মত বিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' -
এর ১১৫তম পর্ব। জনগণ তাদের সুচিত্তিত চিন্তাভাবনা my gov
open forum -এ এবং নম: APP-এ পাঠাতে পারবেন। এছাড়াও
TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা

ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

President-Water Award :

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম আগামীকাল নতুনদিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার ২০২৩ প্রদান করবেন। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক সেরা রাজ্য, সেরা জেলা, সেরা গ্রাম পঞ্চায়েত, সেরা শহুরে স্থানীয় সংস্থা, সেরা জল ব্যবহারকারী সমিতি এবং সেরা নাগরিক সমাজ সহ নয়টি বিভাগে ৩৮টি নাম ঘোষণা করেছে। শ্রেষ্ঠ রাজ্য বিভাগে প্রথম পুরস্কার পাচ্ছে ওডিশা, দ্বিতীয় উত্তর প্রদেশ এবং গুজরাট ও পুদুচেরি যৌথভাবে তৃতীয় সেরা হিসেবে নির্বাচিত হয়েছে। সেরা জেলা বিভাগে, উত্তরপূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা রাজ্যের ধলাই জেলা সেরা জেলা হিসেবে চিহ্নিত হয়েছে। প্রতিটি পুরস্কার বিজয়ীকে একটি শংসাপত্র এবং একটি ট্রফির পাশাপাশি নির্দিষ্ট বিভাগে নগদ পুরস্কার প্রদান করা হবে।

Congress Meeting :

আজ আগরতলায় প্রদেশ কংগ্রেসের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে কংগ্রেস মুখ্যপাত্র প্রবীর চক্রবর্তী জানিয়েছেন আজকের বৈঠকে কংগ্রেসের বিভিন্ন শাখা সংগঠন আজ থেকে কিছু আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছে। আগামী ৩০শে অক্টোবর পর্যন্ত এই কর্মসূচি চলবে। ৩১শে অক্টোবর ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মৃত্যু দিবস সন্ত্রাসবাদ বিরোধী দিবস হিসেবে উদযাপন করা হবে। ত্রিদিন কংগ্রেসের উদ্যোগে সারা রাজ্যে পদযাত্রার আয়োজন করা হবে। আজকের বৈঠকে উপস্থিত ছিলেন কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন, দলের সহ সভাপতি শান্তিরঞ্জন দেবনাথ সহ অন্যান্য নেতৃবৃন্দ।

Protest Rally-Youth Congress :

শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের দাবিতে সদর জেলা যুব কংগ্রেসের উদ্যোগে আজ এক মিছিল আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর শ্রম দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। উপস্থিত ছিলেন যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

Namo Bharat :

ভারতের প্রথম আঞ্চলিক র্যাপিড ট্রেন নমো ভারতের আজ এক বছর পূর্ণ হয়েছে। এই উপলক্ষে, আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী, মনোহর লাল নমো ভারত ট্রেনে করে দিল্লি-গাজিয়াবাদ-মিরাট RRTS করিডোর বরাবর গুরুত্বপূর্ণ স্টেশনগুলি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় মন্ত্রী, মহিলা ট্রেন অপারেটর এবং যাত্রীদের সঙ্গে নমো ভারত পরিষেবা নিয়ে তাদের অভিজ্ঞতা বিষয়ে মতবিনিময় করেন।

শ্রী মনোহর লাল জানান, যে নমো ভারত ট্রেনের প্রথম বছরে ৪০ লক্ষেরও বেশি যাত্রী ভ্রমণ করেছেন।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় স্বাগতিক মেঘালয়ের বিরুদ্ধে ত্রিপুরা ইনিংস ও ১৭ রানে জয়লাভ করেছে। শিলং-এর পোলো মাঠে শেষদিনে আজ বিনা উইকেটে ৩ রান থেকে খেলতে নেমে স্বাগতিক মেঘালয়ের দ্বিতীয় ইনিংস ১৩৮ রানে শেষ হয়ে যায়। রাজ্যদলের অলরাউন্ডার মণিশংকর মুড়াসিং দ্বিতীয় ইনিংসেও ৫টি উইকেট দখল করেন। দুই ইনিংসে মোট ১১টি উইকেট নিয়ে

তিনি ম্যাচের সেরা হন। এরআগে রাজ্যদলের ৩৭৪ রানের জবাবে
মেঘালয়ের প্রথম ইনিংস ২২২ রান করেছিল।

Asian Yoga :

আগামী ২৪-২৫ অক্টোবর থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে
অনুষ্ঠিত হতে চলছে এশিয়া যোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপ। ওই
আন্তর্জাতিক আসরে ত্রিপুরা থেকে ভারতের হয়ে প্রতিনিধিত্ব
করতে যাচ্ছে ত্রিপুরার পরিণীতা রায়। ত্রিপুরা যোগাসন স্পোর্টস
অ্যাসোসিয়েশন হয়ে জাতীয় স্তরে আসরে ভূপালের ইন্দোরে
স্বর্ণপদক লাভ করার সুবাদে পরিণীতা এশিয়া যোগা
চ্যাম্পিয়নশিপে অংশ নেয়ার যোগ্যতা অর্জন করে। আগামীকাল
আগরতলা থেকে বিমানযোগে কলকাতা হয়ে ব্যাংককে যাবে
পরিণীতা। রাজ্য সংস্থার সচিব সমীর সাহা ও কোচ শম্ভু চক্রবর্তী
এশিয়ার চ্যাম্পিয়নশিপে ভালো ফলাফল করবে বলে আশা প্রকাশ
করেন। তার পরিণীতার হাতে রাজ্য সংস্থার পক্ষ থেকে জার্সি
তুলে দেন।

Weather :

বঙ্গোপসাগরে সৃষ্টি নিম্নচাপ আগামীকাল গভীর নিম্নচাপে এবং
২৩শে অক্টোবর ঘূর্ণিঝড় 'ডানা'য় পরিণত হবে। ঘূর্ণিঝড়টি
উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে উত্তর উড়িষ্যা এবং সাগরদ্বীপের
দিকে এগিয়ে যাবে। আগামী ২৪শে অক্টোবর গভীর রাত থেকে
২৫শে অক্টোবর সকালের মধ্যে এটি উড়িষ্যা উপকূল অতিক্রম
করবে। এই ঘূর্ণিঝড় কোথায় আছড়ে পড়বে করবে তা আগামী
৪৮ ঘন্টার মধ্যে পাওয়া যাবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।
আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা
কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি
সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি

থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস
এবং সর্বনিম্ন ২৩.২ ডিগ্রি সেলসিয়াস।
